



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট  
ইটিআই ভবন, আগারগাঁও, ঢাকা

নং- ১৭.০১.০০০০.১০৫.৩২.০১১.২২-১৭৭

তারিখ : ১৬ চৈত্র ১৪২৮  
৩০ মার্চ ২০২২

বিষয়ঃ ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২২ উপলক্ষ্যে ১ম পর্যায়ে তালিকাভুক্ত উপজেলা/থানার হালনাগাদ কার্যক্রমে দায়িত্বপ্রাপ্ত তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়নের জন্য তথ্য শ্রেণণ সংক্রান্ত।


সূত্রঃ ১। নং-১৭.০০.০০০০.০২৬.৩২.০১৬.২১-১৭৯, তারিখ: ২৮-০৩-২০২২

২। নং-১৭.০০.০০০০.০২৬.৩২.০১৬.২১-১৮৬, তারিখ: ২৮-০৩-২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের শ্রেণিতে জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২২-এ নাগরিকদের তথ্য সংগ্রহ ও সুপারভাইজার কর্তৃক যাচাই কার্যক্রম ২০ মে ২০২২ তারিখ হতে পরবর্তী ৩ (তিন) সপ্তাহ পর্যন্ত অথবা শুরুর তারিখের পরবর্তী ০৩ (তিন) সপ্তাহ ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে প্রথম পর্যায়ে ১৩৫ (একশত পঁয়ত্রিশ)টি উপজেলা/থানা তথ্য সংগ্রহ করা হবে। ২০০৭ সালের ০১ জানুয়ারি অথবা তার পূর্বে যাদের জন্ম তাদের এবং বিগত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে যারা বাদ পড়েছেন তাদের তথ্য সংগ্রহ করা হবে। এ কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের লক্ষ্যে সূত্রোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক লক্ষ্যে তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বরাদ্দ প্রদানের জন্য সংযুক্ত ছক অনুযায়ী তথ্য প্রয়োজন।

এমতাবস্থায়, সংযুক্ত ছক অনুযায়ী ১ম পর্যায়ের ১৩৫(একশত পঁয়ত্রিশ)টি উপজেলা/থানার অন্তর্গত তীর জেলাধীন সংশ্লিষ্ট উপজেলা/থানার প্রয়োজনীয় তথ্যসমূহ আগামী ০৫-০৪-২০২২ তারিখ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকার মধ্যে উপপরিচালক (জাতীয়/স্থানীয়) এর ইম্মারনাল সাইটে সফট কপি (MS Word File Nikosh Fonts) ও হার্ড কপি জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

বিষয়টি অতিব জরুরি।

  
৩০/০৩/২০২২  
(সাকির আহম্মদ)  
উপপরিচালক (জাতীয়)  
নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট  
ফোন : ০২-৫৫০০৬৫০৭

সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার  
.....(সকল)

নং- ১৭.০১.০০০০.১০৫.৩২.০১১.২২-

তারিখ : ১৬ চৈত্র ১৪২৮  
৩০ মার্চ ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৩। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,.....(সকল)
- ০৫। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা  
(মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৬-০৯। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা  
(মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
- ১০। উপজেলা/থানা নির্বাচন অফিসার.....(সংশ্লিষ্ট)

(মোঃ নাসির উদ্দিন চৌধুরী)  
উপপরিচালক (চঃদঃ)  
(প্রশিক্ষণ-১)

নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট